গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।
ডাকঘর ও উপজেলা ঃ নাটোর সদর, জেলা ঃ নাটোর
ফোন ঃ ০২৫৮৮৮৭৩৬০, ০১৩০৯-১২৪১৩৯
EIIN : 124139
বিদ্যালয় কোড ঃ ২০১১
Email : ngghs.head@gmail.com ,web: ngghsnatore.edu.bd, Skype: headngghs

জরুরী বিজ্ঞপ্তি

তারিখ: ১২/০২/২০২৪ খ্রিঃ

এতদ্বারা অত্র বিদ্যালয়ের উভয় শাখার ছাত্রী,সম্মানিত শিক্ষক শিক্ষিকা, অফিস সহায়ক ও অন্যান্য কর্মচারীদের বিশেষ ভাবে অবগত করানো যাচ্ছে যে,

১. এস এস সি পরীক্ষা/২০২৪ এর সিট বসানো ও বেঞ্চ সাজানো গোছানো জনিত কারনে আগামীকাল বিদ্যালয়ের পাঠদান বন্ধ থাকবে। ঐ দিনই এস এস সি পরীক্ষা/২০২৪ এর ওরিয়েন্টেশন মিটিং শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সময় সকাল ১০ ঘটিকায়। শিক্ষকদের উল্লেখিত ওরিয়েন্টেশন মিটিংএ বিনা অপারগতায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অত্যন্ত জরুরী ।

২. ১৪/০২/২০২৪ খ্রিঃ রোজ বুধবার শ্রী শ্রী স্বরস্বতী পূজা উপলক্ষে পাঠদান বন্ধ থাকবে।আরও উল্লেখ্য যে ১৫/০২/২০২৪ হতে এস এস সি পরীক্ষা/২০২৪ শুরু হবে এবং শেষ হবে আগামী ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখ। সুতরাং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উল্লেখিত তারিখ সমূহে পাঠদান বন্ধ থাকবে।

৩. নতুন ভর্তি এবং পূর্ব হতে অধ্যয়নরত ছাত্রীদের ফেব্রুয়ারী ও মার্চ মাসের বেতন পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কাহারো বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদী যদি বকেয়া থাকে তা'হলে বকেয়া সহ বেতন online (নগদ) অ্যাপস এর মাধ্যমে আগামী কাল ১৩-০২-২০২৪ খ্রিঃ তারিখ হতে ২৫/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত online বেতন দেয়া যাবে ।

৪. ব্যানবেইস এ হালনাগাত প্রত্যেক ছাত্রীর তথ্য এপ্লিকেশন করার জন্য পিতা মাতার NID এবং ছাত্রীর জন্ম সনদ জরুরী প্রয়োজন। উল্লেখিত কাগজ গুলো আগামী কাল ১৩/০২/২০২৪ হতে ২৮/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অফিসে সংরক্ষিত প্রভাতী ও দিবা শাখার আলাদা আলাদা বক্সে জমা দেয়া যাবে। তবে এসএসসি পরীক্ষার দিনসমূহে বেলা ১ ঘটিকার পরে বিদ্যালয়ের ভেতরে প্রবেশ করা যাবে ।

৫. ছাত্রীদের আবেদনের প্রেক্ষিতে , যে সমস্ত ছাত্রী বার্ষিক ভোজের জন্য আবেদন করেছেন। তাদের আবেদন বিবেচনা নিয়ে ছুটির দিনে অনুষ্ঠিত হতে পারে । সম্ভাব্য তারিখ ২৩/০২/২৪ ও ২৪/০২/২০২৪ খ্রি. । সময় বেলা ১০ টা হতে ৩ ঘটিকা পর্যন্ত ।

৬. মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস -২০২৪ উদযাপন উপলক্ষে চারুকলা অনুষদ ,ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ শিশু একাডেমির যৌথ উদ্যেগে আয়োজিত অনুষ্ঠানাদিতে অংশ গ্রহনের জন্য এবং চিত্রকর্ম প্রর্দশনীতে চিত্রকর্ম প্রেরনের জন্য ইচ্ছুক ছাত্রীদের বিদ্যালয়ের নোটিশ বোর্ড দেখার জন্য অনুরোধ করা হলো ।

৭. জাতীয় শিশু কিশোর ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা -২০২৪ উপজেলা পর্যায়ে অংশ গ্রহন করতে ইচ্ছুক ছাত্রীদের বিদ্যালয়ের নোটিশ বোর্ড দেখার জন্য অনুরোধ করা হলো।

৮. এছাড়া বিদ্যালয়ের সাথে সার্বক্ষণিক তথ্যাদি জানার জন্য বিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইড ও নোটিশ বোর্ড দেখার জন্য অনুরোধ করা হলো ।

প্রধান শিক্ষক, ১২/০২/২০২৪
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।